

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং :- ১৩.০১.০০০০.০৬০.২৫.০০২.১২.৬২৫(১৪)

তারিখ :- ১৩/০৯/২০১৮খ্রি:

বিষয় :- অডিট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ব্যবহার প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ।।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক উত্থাপিত অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ, তথ্যাদি আপলোড, রিপোর্টিং ও জবাব প্রদানের লক্ষ্যে অডিট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরি করা হয়েছে। বর্তমানে সফটওয়্যারটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে সংযুক্ত রয়েছে। খাদ্য অধিদপ্তরে মাসিক সমন্বয় সভায় সফটওয়্যারের ব্যবহার ও অডিট সংক্রান্ত তথ্যাদি হালনাগাদকরণের লক্ষ্যে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও মাঠপর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান ও আগামী ০৩(তিন) মাসের মধ্যে অভ্যন্তরীণ নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি অডিট সফটওয়্যারে আপলোডের সিদ্ধান্ত হয়েছে। এ লক্ষ্যে Audit Management System software এর ব্যবহার ও তথ্য আপলোড এর বিষয়ে খাদ্য অধিদপ্তরে প্রশিক্ষণ বিভাগে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রতি ব্যাচে ২৫ জন করে প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। প্রশিক্ষণ কার্যক্রমে বিভাগ/জেলা কার্যালয় দপ্তর প্রধান, ডাটা এন্ট্রি অপারেটর/অডিট কাজের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

এমতাবস্থায় আগামী ৭(সাত) দিনের মধ্যে দপ্তর প্রতি ৩জন কর্মকর্তা/কর্মচারীর নাম নিম্নোক্ত ছকে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীদের নাম	পদবী	কর্মস্থল	টেলিফোন/মোবাইল নং
১	২	৩	৪	৫



(আব্দুল্লাহ আল মামুন)

অতিরিক্ত পরিচালক

ফোনঃ- ০২- ৯৫৫০৩১০

E-mail: adl.ia@dgfood.gov.bd

প্রাপক:

- ১। প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তুগোলা, ঢাকা
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / বরিশাল / সিলেট / রংপুর।
- ৩। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো / চট্টগ্রাম সাইলো / আশুগঞ্জ সাইলো / সান্তাহার সাইলো / স্টিল সাইলো
জেলা:- নারায়ণগঞ্জ / চট্টগ্রাম / বি-বাড়ীয়া / বগুড়া / খুলনা।
- ৪। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

স্মারক নং :- ১৩.০১.০০০০.০৬০.২৫.০০২.১২.৬২৫(১৪)/১(১১)

তারিখ :- ১৩/০৯/২০১৮খ্রি:

সদয় অবগতি ও অবগতির জন্য অনুলিপি দেওয়া হলো :

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন বিভাগ /সরবরাহ বন্টন ও বিপণন বিভাগ / চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ / হিসাব ও অর্থ বিভাগ /সংগ্রহ বিভাগ/পরিদর্শন উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা –ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৪। মাষ্টার কপি।
- ৫। অফিস কপি।


(মো: মিজানুর রহমান)
উপপরিচালক